সংবাদ

তারিখ ... 10 OCT 2002

পৃষ্ঠা - ১২ কলাম - ৫

# ঢা.বিতে প্রাণবন্ত বিতর্ক অনুষ্ঠান

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ 'এবার মিলেছি প্রাণের টানে' এই শ্লোগান নিয়ে বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মুক্ত আকাশ পুনর্মিলনী এক প্রাণবন্ত বিতর্ক অনুষ্ঠান হয়ে গেল।

বিতর্ক অনুষ্ঠানে সম্মিলিত ছাত্র হল ও সম্মিলিত ছাত্রী হল নামে দু'টি দল অংশগ্রহণ করে। বিতর্কের বিষয় ছিল 'আমাদের গেছে যে দিন একেবারেই গেছে'। ঢাকা ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির (ডিইউডিএস) উদ্যোগে

বিতর্ক ঃ পৃঃ ১১ কঃ ৫

## বিতর্ক ঃ প্রাণবন্ত

( ১২-এর পৃষ্ঠার পর )

কেন্দ্রীয় লাইব্রেরি চত্বরে পুনর্মিলনী বিতর্ক অনুষ্ঠানের পূর্বে এক সংক্ষিপ্ত আলোচনায় অংশ নেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ইউসুফ হায়দার, কোষাধ্যক্ষ অধ্যাপক সৈয়দ রাশিদুল হাসান ও প্রক্টর এএসএম আতিকুর রহমান। আলোচনা সভায় সভাপতিত্ব করেন ডিইউডিএস-এর সভাপতি খাদেমুল করিম ইকবাল।